

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
বদলগাছী, নওগাঁ

বিষয়ঃ উপজেলা পরিসংখ্যান কার্যালয়, নওগাঁ কর্তৃক “নৈতিকতা কমিটি” এর ২০২৩-২৪ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী:

সভার তারিখ	: ২৭ জুলাই ২০২৩, রোজ: বৃহস্পতিবার
সভার সময়	: সকাল ১১.০০ ঘটিকা;
সভাপতি	: মোঃ মাজেদুর রহমান, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বদলগাছী, নওগাঁ।
সভার স্থান	: উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বদলগাছী, নওগাঁ এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	: পরিশিষ্ট ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি শুরুতেই নৈতিকতা কমিটির সদস্য সচিবকে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য আহ্বান জানান। সদস্য সচিব জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ক্ষেত্রভিত্তিক বিভিন্ন কার্যসম্পাদন সূচক এবং পরিবীক্ষণ ও বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে সভাপতিকে অবহিত করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরের ১ম কোয়ার্টারের জন্য প্রযোজ্য কার্যসম্পাদন সূচকভিত্তিক বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	নৈতিকতা কমিটির সভা আয়োজন (১.১)	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির ১টি করে সভা আহ্বানের লক্ষ্যমাত্রা রয়েছে। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকের ১ম মাসেই সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়।	প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন (১.২)	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়নের উপর সভায় আলোচনা হয়।	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট সদস্যবৃন্দ
৩	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা (১.৩)	২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়।	অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আহ্বান করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৪	কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি) (১.৫)	কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি) বিষয়ে সভায় আলোচনা হয়।	কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি) বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বদলগাছী, নওগাঁ এবং নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ
৫	সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ (৩.১)	সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণের বিষয়ে সভায় আলোচনা হয়।	সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে।	সংশ্লিষ্ট সদস্যবৃন্দ
৬	সরকারি সম্পদ ব্যবহারে মিতব্যয়িতা অবলম্বন প্রশিক্ষণ আয়োজন(৩.২)	সরকারি সম্পদ ব্যবহারে মিতব্যয়িতা অবলম্বন করার বিষয়ে আলোচনা করা হয়। সরকারি সম্পদ সঠিক ব্যবহার করার নির্দেশ প্রদান করেন।	সরকারি সম্পদ ব্যবহারে মিতব্যয়িতা অবলম্বন করতে হবে।	পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বদলগাছী, নওগাঁ এবং নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ